**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/10/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# হারিকেন আইডার অবশিষ্টাংশের ক্ষয়ক্ষতির পর গভর্নর হোচুল এবং FEMA ফেডারেল দুর্যোগ ঘোষণায় নাসাউ কাউন্টির অন্তর্ভুক্তির কথা ঘোষণা করেছেন

***ব্রঙ্কস, কুইন্স, কিংস, রিচমন্ড, ওয়েস্টচেস্টার এবং নিউ ইয়র্ক কাউন্টিও ফেডারেল দুর্যোগ সহায়তা লাভের জন্য যোগ্য***

***FEMA ফেডারেল দুর্যোগ ঘোষণা স্থানীয় সরকার এবং নিউ ইয়র্কবাসীদের জন্য ফেডারেল আর্থিক ত্রাণ প্রদান করে যারা বন্যার দ্বারা প্রভাবিত হয়েছেন এবং হারিকেন আইডার কারণে ক্ষতিগ্রস্ত মানুষদের পুনরুদ্ধারের জন্য ব্যক্তিগত ও সরকারি সহায়তা প্রদান করে***

***বীমাহীন পরিবারসহ স্থানচ্যুত নিউ ইয়র্কবাসীরা বাড়ির সহায়তা, এর সাথে বিপদ কাউন্সেলিং, বেকার সহায়তা, বাড়ির মেরামত, ও আইনি সেবার জন্য তহবিল পাওয়ার যোগ্য***

গভর্নর ক্যাথি হোচুল এবং ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সিকে (Federal Emergency Management Agency) আজকে ঘোষণা করেছেন যে নাসাউ কাউন্টি একটি গুরুতর দুর্যোগ ঘোষণায় (Major Disaster Declaration) অন্তর্ভুক্তির অনুমোদন পেয়েছে যা হারিকেন আইডার অবশিষ্টাংশের ক্ষয়ক্ষতির পর যোগ্য নিউ ইয়র্কবাসীদের পুনরুদ্ধারের জন্য ব্যক্তিগত ও জন সহায়তা (Public Assistance) প্রদান করা সহ ফেডারেল ত্রাণ প্রদান করবে।

ফেডারেল ব্যক্তিগত এবং সরকারি সহায়তা লাভের জন্য যোগ্য বাড়তি কাউন্টিগুলি হল ব্রঙ্কস, কুইন্স, কিংস, রিচমন্ড, ওয়েস্টচেস্টার। নিউ ইয়র্ক কাউন্টি বর্তমানে কেবল জন সহায়তার জন্য অনুমোদিত। গভর্নর হোচুল এবং ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES) হারিকেন আইডার বিধ্বংসী প্রভাব থেকে নিউ ইয়র্কবাসীদের সম্পূর্ণ পুনরুদ্ধারে প্রয়োজনীয় উৎস এবং সহায়তা পাওয়া নিশ্চিত করতে স্থানীয়, স্টেট ও ফেডারেল পর্যায়ে আমাদের অংশীদার এজেন্সিগুলির সাথে কাজ করছেন।

যে নিউ ইয়র্কবাসীরা বাস্তুচ্যুত হয়েছেন, যাদের মধ্যে আছে বিমাহীন পরিবারগুলি, তারা আবাসন সহায়তার জন্য তহবিলের জন্য যোগ্য হবেন, এবং তার সাথে সংকটকালীন পরামর্শ, বেকারত্ব সহায়তা, বাড়ির মেরামত এবং আইনি পরিষেবা জন্যও যোগ্য হবেন।

"নাসাউ কাউন্টির পরিবার এবং সম্প্রদায়গুলি হারিকেন আইডার অবশিষ্টাংশের আঘাতে বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল, এবং আমি কঠোর পরিশ্রমী ক্ষয়ক্ষতি মূল্যায়ন দলগুলির প্রশংসা করতে চাই যারা এই গুরুত্বপূর্ণ ফেডারেল দুর্যোগ সহায়তা লাভের জন্য মাঠ পর্যায়ে থেকে তথ্য প্রদান করেছেন," **গভর্নর হোচুল বলেন।** "নিউ ইয়র্কবাসীদের এই ভয়াবহ বন্যা থেকে পুনরুদ্ধারে সহায়তার জন্য সমর্থন প্রদান করায় আমি প্রেসিডেন্ট বাইডেন এবং FEMA এডমিনিস্ট্রেটর ডিঅ্যান ক্রিসওয়েলকে ধন্যবাদ জানাই।"

**নাসাউ কাউন্টির এক্সিকিউটিভ লরা কিউর‍্যান বলেন,** "নাসাউ কাউন্টি যাতে FEMA এর দুর্যোগ ঘোষণায় অন্তর্ভুক্ত হয় টা নিশ্চিত করতে আমি কঠোর লড়াই করেছি, কারণ আমাদের কাউন্টির অনেক বেশি পরিবার কষ্টে রয়েছে। এই সময়ে তার অতুলনীয় প্রচেষ্টা এবং নেতৃত্বের জন্য আমি গভর্নর ক্যাথি হোচুলকে ধন্যবাদ জানাই, পাশাপাশি ধন্যবাদ জানাই ফেডারেল পর্যায়ে আমাদের অংশীদারদের। নাসাউ এ হারিকেন আইডার অবশিষ্টাংশের কারণে ক্ষয়ক্ষতি হওয়া সবাইকে FEMA এর ওয়েবসাইট ভিজিট করে যত দ্রুত সম্ভব আবেদন প্রক্রিয়া শুরু করার আহ্বান জানাচ্ছি।"

একটি গুরুতর দুর্যোগ ঘোষণার ফলশ্রুতিতে ফেডারেল সরকারের আর্থিক সহায়তা পাওয়া যায় যার ফলে স্থানীয় সম্প্রদায় ও ব্যক্তিগতভাবে নিউ ইয়র্কবাসীরা তাদের ঝড় থেকে পুনরুদ্ধার প্রক্রিয়া অব্যাহত রাখতে পারবে। সহায়তায় অন্তর্ভুক্ত থাকবে জরুরি প্রতিরক্ষামূলক ব্যবস্থা, রাবিশ অপসারণ এবং সরকারি ভবন ও অবকাঠামো মেরামতের তহবিল, এছাড়াও ব্যক্তিগত পর্যায়ে ও বাড়ির মালিকদের জন্য সরাসরি সাহায্য। নিউ ইয়র্কবাসীরা অন্যান্য বীমাহীন বা স্বল্প বীমাকৃত দুর্যোগ-সৃষ্ট খরচ এবং গুরুতর প্রয়োজনের জন্য অর্থ পেতে সক্ষম হতে পারেন, যেমন ব্যক্তিগত সম্পত্তির মেরামত বা প্রতিস্থাপন বা স্থানান্তর এবং সঞ্চয়ের জন্য অর্থ, অথবা চিকিৎসা, দাঁতের এবং শিশুর পরিচর্যার জন্য অর্থ। গৃহের মালিক এবং ভাড়াটেদের উচিত তাদের ক্ষতিগুলি নথিভুক্ত করার জন্য যথাসাধ্য চেষ্টা করা।

তহবিল প্রাপ্তির জন্য যোগ্য গৃহের মালিকরা সরাসরি FEMA-র সাথে কাজ করবেন। সহায়তার মধ্যে অস্থায়ী আবাসন ইউনিট, আবাসন এবং ড্রাইভওয়ে মেরামত, সংকটকালীন পরামর্শ, বেকারত্ব সহায়তা এবং আইনি পরিষেবাগুলির জন্য তহবিল অন্তর্ভুক্ত থাকতে পারে।

হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের নিউ ইয়র্ক স্টেট ডিভিশন (New York State Division of Homeland Security and Emergency Services) ফেডারেল দুর্যোগের সাহায্যের জন্য আবেদন করার জন্য ক্ষতির মূল্যায়ন করতে বিশেষজ্ঞ মোতায়েন করেন। প্রাথমিক ক্ষতির মূল্যায়ন চূড়ান্ত হওয়ার পর ফেডারেল পক্ষ থেকে দ্রুত পর্যালোচনার জন্য রাজ্য এই প্রক্রিয়া জুড়ে FEMA এবং স্থানীয় অংশীদারদের সাথে ক্রমাগত যোগাযোগ রাখে।

স্টেট ও ফেডারেল বিশেষজ্ঞরা অনুমান করেছেন যে ঝড়ের কারণে সরকারি অবকাঠামো ও সম্পত্তির 140 মিলিয়নের বেশি মার্কিন ডলার ক্ষয়ক্ষতি হয়েছে এবং 2,900 এর বেশি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে।

FEMA’র জন সহায়তা প্রোগ্রামের (Public Assistance Program) মাধ্যমে সরকারি অবকাঠামোর পুনঃস্থাপনের তহবিল পাওয়া যাবে যেটি মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট একটি দুর্যোগ ঘোষণা করে দিলে স্থানীয় সরকারগুলোকে বর্জ্য অপসারণ, জরুরি সুরক্ষামূলক ব্যবস্থা,

ক্ষতিগ্রস্ত সরকারি-মালিকানার অবকাঠামো যেমন রাস্তা, স্কুল, সেতু, পার্ক, হাসপাতাল, পুলিশ স্টেশন, দমকল, পানি ও বর্জ্য পানির ট্রিটমেন্ট ফ্যাসিলিটি ও অন্যান্য সরকারি ফ্যাসিলিটির মেরামত ও পুনর্নির্মাণ ইত্যাদি কাজের জন্য ক্ষতিপূরণ প্রদান করে।

এছাড়াও গভর্নর হোচুল পূর্বে ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীর জন্য একটি নতুন অনলাইন রিসোর্স হাব শুরুর কথা ঘোষণা করেন, যা পাওয়া যাবে এখানে ny.gov/Ida। হাবটি উপলভ্য সহায়তা কর্মসূচি সম্পর্কে এবং কোথায় আশ্রয় এবং খাবারের অ্যাক্সেসের মতো পরিষেবাগুলি খুঁজে পাওয়া যায় সে সম্পর্কে তথ্য সরবরাহ করে। নিউ ইয়র্কবাসীর জন্য আরো যত শক্তিসম্পদ যোগ হতে থাকবে সাইটের তথ্য আপডেট করা হবে। উপরন্তু, পুনরুদ্ধার সেবা কেন্দ্রগুলিকে সমর্থন করতে স্টেট নিউ ইয়র্ক সিটির সাথে অংশিদারিত্ব করছে যা ক্ষতিগ্রস্ত সম্প্রদায়গুলির প্রতিনিধিত্বকারী নির্বাচিত কর্মকর্তাদের সাহায্য নিচ্ছে এবং কোন কোন শক্তিসম্পদ ও সহায়তা পাওয়া যাবে সে সম্পর্কে তথ্য প্রদান করছে।

এছাড়াও গভর্নর হোচুল FEMA থেকে পূর্বে-লাভ করা 378 মিলিয়ন মার্কিন ডলার বিপদ প্রশমন তহবিল ব্যবহার করে চরম আবহাওয়ার মোকাবেলায় নিউ ইয়র্কের অবকাঠামো মজবুত করতে নির্দেশনা দিয়েছেন।

গভর্নর হোচুল প্রভাবিত কাউন্টিগুলির স্থানীয় দাপ্তরিক কর্মচারীদের শক্তি সম্পদের যেকোনো প্রয়োজন সরাসরি NY রেস্পন্ডসে দাখিল করার জন্য তাদের কাউন্টি জরুরি ব্যবস্থাপকদের সাথে কাজ করা চালিয়ে যেতে উৎসাহ দিয়েছেন, NY রেস্পন্ডস হল স্টেটের একটি ওয়েব-ভিত্তিক সিস্টেম যা স্থানীয় সরকার এবং স্টেট এজেন্সি উভয়কে গুরুত্বপূর্ণ জরুরি অবস্থা-সংক্রান্ত তথ্য ও শক্তি সম্পদের অনুরোধ দাখিল করতে দেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন